রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৮, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ ঃ ২৫ জ্যৈষ্ঠ, ১৪১৩ বঙ্গাব্দ/ ৮ জুন, ২০০৬ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১১১-আইন/২০০৬/২১০৩/শুল্ক।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 19 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, অত্র বিভাগের নিম্নবর্ণিত প্রজ্ঞাপনগুলি এতদ্বারা বাতিল করিল, যথা ঃ-

(১) এস,আর,ও নং ২৪৮-আইন/২০০৫/২০৮৬/শুল্ক, তারিখ, ১ ভাদ্র ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ১৬ আগষ্ট ২০০৫ খ্রিস্টাব্দ;

(২) এস,আর,ও নং ২৫৪-আইন/২০০৫/২০৯২/শুল্ক, তারিখ, ১ ভাদ্র ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ১৬ আগষ্ট ২০০৫ খ্রিস্টাব্দ;

(৩) এস,আর,ও নং ৩০৩-আইন/২০০৫/২০৯৮/শুল্ক, তারিখ, ১৫ কার্তিক ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ৩০ অক্টোবর ২০০৫ খ্রিস্টাব্দ;

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(ডঃ আ,তা,মু সারওয়ার হোসেন)
অতিরিক্ত সচিব।



মূল্য ঃ টাকা ৪০.০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ ঃ ২৫ জ্যৈষ্ঠ, ১৪১৩ বঙ্গাব্দ/ ৮ জুন, ২০০৬ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১১২-আইন/২০০৬/২১০৪/শুল্ক।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 18 এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এই বিভাগের ১ ভাদ্র ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ১৬ আগষ্ট ২০০৫ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং এস,আর,ও ২৫৫-আইন/২০০৫/২০৯৩/শুল্ক এতদ্বারা বাতিল করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(ডঃ আ,তা,মু সারওয়ার হোসেন)
অতিরিক্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ ঃ ২৫ জ্যৈষ্ঠ, ১৪১৩ বঙ্গাব্দ/ ৮ জুন, ২০০৬ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১১৩-আইন/২০০৬/২১০৫/শুল্ক।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 19(1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, অত্র বিভাগের ৬ অগ্রাহায়ণ ১৪০৯ বঙ্গাব্দ মোতাবেক ২০ নভেম্বর

২০০২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৩২২-আইন/২০০২/১৯৭৯/শুল্ক এতদ্বারা বাতিল করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(ডঃ আ,তা,মু সারওয়ার হোসেন)
অতিরিক্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ২৫ জ্যৈষ্ঠ, ১৪১৩ বঙ্গাব্দ/ ৮ জুন, ২০০৬ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১১৪-আইন/২০০৬/২১০৬/শুল্ক।– Customs Act, 1969 (Act IV of 1969) এর section 19, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এবং অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১) এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, অত্র বিভাগের ৯ জুন, ২০০৫ খ্রিস্টাব্দ মোতাবেক ২৬ জ্যৈষ্ঠ, ১৪১২ বঙ্গাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৬৪-আইন/২০০৫/২০৭৬/শুল্ক রহিত করিয়া, উক্ত Customs Act এর FIRST SCHEDULE ভুক্ত Heading No. এবং H.S. Code সমূহের আওতাধীন নিম্নের–

(ক) TABLE-1 এ উল্লিখিত যন্ত্রপাতিকে উহাদের উপর আরোপনীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ৫% এর অতিরিক্ত হয় সেই পরিমাণ, এবং সমুদয় মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক (যদি থাকে) ও অবকাঠামো উন্নয়ন সারচার্জ; এবং

(খ) TABLE-2 এ উল্লিখিত যন্ত্রাংশকে উহাদের উপর আরোপনীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ৫% এর অতিরিক্ত হয় সেই পরিমাণ, এবং সমুদয় মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক (যদি থাকে) ও অবকাঠামো উন্নয়ন সারচার্জ;

হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথা ঃ-

শর্ত

(১) TABLE-1 এ উল্লিখিত আমদানিকৃত যন্ত্রপাতির সহিত TABLE-2 এ উল্লিখিত যন্ত্রাংশ একত্রে আমদানি করিতে হইবে;

(২) একই H.S.Code এর মূলধনী যন্ত্রপাতি এক বা একাধিক চালানে আমদানি করা যাইবে। তবে এক বা একাধিক ঋণ পত্রের অধীনে একাধিক চালানে আমদানির ক্ষেত্রে, প্রথম চালান আমদানির তারিখ হইতে সর্বশেষ চালান আমদানির সময়সীমা কোনক্রমেই ১(এক) বৎসরের অতিরিক্ত হইবে না;

(৩) শর্ত (১) এ যাহা কিছুই থাকুক না কেন, নিম্নের মূল্যসীমা পর্যন্ত আমদানিকৃত যন্ত্রাংশই কেবল উক্ত সুবিধা পাওয়ার যোগ্য হইবে -

(ক) একটি চালানে যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে, আমদানিকৃত যন্ত্রপাতির মূল মূল্যের ১০ শতাংশ পরিমান ;

(খ) শর্ত (২) অনুযায়ী একাধিক চালানে আমদানির ক্ষেত্রে স্ব স্ব চালানে আমদানিকৃত যন্ত্রপাতির অংশের (Part of Machinery) মূল মূল্যের ১০ শতাংশ পরিমান ; এবং

(গ) উপরের দফা ৩(খ) অনুযায়ী স্ব স্ব চালানে প্রাপ্য ১০ শতাংশের যতটুকু পরিমাণ যন্ত্রাংশ কম আমদানি করা হইয়াছে তাহা সর্বশেষ যন্ত্রপাতির অংশের (Part of Machinery) চালানে আমদানিকৃত যন্ত্রাংশের সাথে সমন্বয় করা যাইবে;

(৪) যে সকল শিল্প প্রতিষ্ঠান উহাদের উৎপাদিত সমুদয় পণ্যের ন্যূনপক্ষে ৮০% (শতকরা আশি ভাগ) পণ্য রপ্তানী করে সেই সকল শিল্প প্রতিষ্ঠান TABLE-1 এ উল্লিখিত আমদানিকৃত যন্ত্রপাতি এবং শর্ত-(১) ও (৩) পূরণ সাপেক্ষে, TABLE-2 এ উল্লিখিত যন্ত্রাংশের উপর প্রস্তাবনার অনুচ্ছেদ (ক) ও (খ) তে উল্লিখিত আমদানি শুল্কও পরিশোধ ব্যতিরেকে এবং নিম্নবর্ণিত দলিলাদি প্রদান সাপেক্ষে, খালাস করিতে পারিবে, যথা ঃ-

(ক) লেনদেনকারী ব্যাংক, বা অর্থলগ্নীকারী প্রতিষ্ঠান, বা বিনিয়োগ বোর্ড, বা, ক্ষেত্রমত, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান কর্তৃক পরিশিষ্ট-১ অনুযায়ী একটি প্রত্যয়ন পত্র;

২০০২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৩২২-আইন/২০০২/১৯৭৯/শুল্ক এতদ্বারা বাতিল করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(ডঃ আ,তা,মু সারওয়ার হোসেন)
অতিরিক্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ২৫ জ্যৈষ্ঠ, ১৪১৩ বঙ্গাব্দ/ ৮ জুন, ২০০৬ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১১৪-আইন/২০০৬/২১০৬/শুল্ক।– Customs Act, 1969 (Act IV of 1969) এর section 19, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এবং অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১) এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, অত্র বিভাগের ৯ জুন, ২০০৫ খ্রিস্টাব্দ মোতাবেক ২৬ জ্যৈষ্ঠ, ১৪১২ বঙ্গাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৬৪-আইন/২০০৫/২০৭৬/শুল্ক রহিত করিয়া, উক্ত Customs Act এর FIRST SCHEDULE ভুক্ত Heading No. এবং H.S. Code সমূহের আওতাধীন নিম্নের–

(ক) TABLE-1 এ উল্লিখিত যন্ত্রপাতিকে উহাদের উপর আরোপনীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ৫% এর অতিরিক্ত হয় সেই পরিমাণ, এবং সমুদয় মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক (যদি থাকে) ও অবকাঠামো উন্নয়ন সারচার্জ; এবং

(খ) TABLE-2 এ উল্লিখিত যন্ত্রাংশকে উহাদের উপর আরোপনীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ৫% এর অতিরিক্ত হয় সেই পরিমাণ, এবং সমুদয় মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক (যদি থাকে) ও অবকাঠামো উন্নয়ন সারচার্জ;

হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথা ঃ-

শর্ত

(১) TABLE-1 এ উল্লিখিত আমদানিকৃত যন্ত্রপাতির সহিত TABLE-2 এ উল্লিখিত যন্ত্রাংশ একত্রে আমদানি করিতে হইবে;

(২) একই H.S.Code এর মূলধনী যন্ত্রপাতি এক বা একাধিক চালানে আমদানি করা যাইবে। তবে এক বা একাধিক ঋণ পত্রের অধীনে একাধিক চালানে আমদানির ক্ষেত্রে, প্রথম চালান আমদানির তারিখ হইতে সর্বশেষ চালান আমদানির সময়সীমা কোনক্রমেই ১(এক) বৎসরের অতিরিক্ত হইবে না;

(৩) শর্ত (১) এ যাহা কিছুই থাকুক না কেন, নিম্নের মূল্যসীমা পর্যন্ত আমদানিকৃত যন্ত্রাংশই কেবল উক্ত সুবিধা পাওয়ার যোগ্য হইবে -

(ক) একটি চালানে যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে, আমদানিকৃত যন্ত্রপাতির মূল মূল্যের ১০ শতাংশ পরিমান ;

(খ) শর্ত (২) অনুযায়ী একাধিক চালানে আমদানির ক্ষেত্রে স্ব স্ব চালানে আমদানিকৃত যন্ত্রপাতির অংশের (Part of Machinery) মূল মূল্যের ১০ শতাংশ পরিমান ; এবং

(গ) উপরের দফা ৩(খ) অনুযায়ী স্ব স্ব চালানে প্রাপ্য ১০ শতাংশের যতটুকু পরিমাণ যন্ত্রাংশ কম আমদানি করা হইয়াছে তাহা সর্বশেষ যন্ত্রপাতির অংশের (Part of Machinery) চালানে আমদানিকৃত যন্ত্রাংশের সাথে সমন্বয় করা যাইবে;

(৪) যে সকল শিল্প প্রতিষ্ঠান উহাদের উৎপাদিত সমুদয় পণ্যের ন্যূনপক্ষে ৮০% (শতকরা আশি ভাগ) পণ্য রপ্তানী করে সেই সকল শিল্প প্রতিষ্ঠান TABLE-1 এ উল্লিখিত আমদানিকৃত যন্ত্রপাতি এবং শর্ত-(১) ও (৩) পূরণ সাপেক্ষে, TABLE-2 এ উল্লিখিত যন্ত্রাংশের উপর প্রস্তাবনার অনুচ্ছেদ (ক) ও (খ) তে উল্লিখিত আমদানি শুল্কও পরিশোধ ব্যতিরেকে এবং নিম্নবর্ণিত দলিলাদি প্রদান সাপেক্ষে, খালাস করিতে পারিবে, যথা ঃ-

(ক) লেনদেনকারী ব্যাংক, বা অর্থলগ্নীকারী প্রতিষ্ঠান, বা বিনিয়োগ বোর্ড, বা, ক্ষেত্রমত, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান কর্তৃক পরিশিষ্ট-১ অনুযায়ী একটি প্রত্যয়ন পত্র;

(খ) পরিশিষ্ট-২ অনুসারে একটি ইনডেমনিটি বন্ড; এবং

(গ) পরিশিষ্ট-৩ অনুযায়ী লেনদেনকারী ব্যাংক কর্তৃক একটি প্রত্যয়ন পত্র।

ব্যাখ্যা।- এই শর্তের উদ্দেশ্য পূরণকল্পে,"লেনদেনকারী ব্যাংক" বলিতে এইরূপ কোন তফসিলি ব্যাংককে বুঝাইবে যাহার মাধ্যমে এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াত প্রাপ্তির উদ্দেশ্যে নিজস্ব মূলধনে স্থাপিত শিল্পের আর্থিক ও বাণিজ্যিক কার্যক্রম সম্পন্ন করা হয়;

(৫) (ক) শর্ত (৪) এর আওতায় দাখিলকৃত ইনডেমনিটি বন্ড অবমুক্তকরণের লক্ষ্যে প্রত্যয়নপত্র সংগ্রহের জন্য বন্ড লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট বন্ড কমিশনারেট এর কমিশনার কর্তৃক এতদুদ্দেশ্যে মনোনীত (সহকারী কমিশনারের নিম্নে নহেন) শুল্ক কর্মকর্তা বরাবরে এবং অন্যান্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট এলাকার শুল্ক, আবগারী ও মূসক বিভাগের বিভাগীয় কর্মকর্তা বরাবরে আবেদন করিতে হইবে এবং আমদানিকারক প্রতিষ্ঠান কর্তৃক উক্ত আবেদনপত্রের সহিত নিম্নরূপ দলিলাদি দাখিল করিতে হইবে, যথাঃ-

(অ) মূলধনী যন্ত্রপাতি আমদানি সংক্রান্ত ইনভয়েস, প্যাকিং লিস্ট, বিল অব লেডিং বা এয়ারওয়ে বিল বা ট্রাক রিসিট, কান্ট্রি অব অরিজিন সার্টিফিকেট, বিল অব এন্ট্রি এবং যন্ত্রপাতি আমদানি সংক্রান্ত আনুষঙ্গিক অন্যান্য দলিলাদি;

(আ) মূলধনী যন্ত্রপাতি স্থাপনের তারিখ, বাণিজ্যিক উৎপাদন শুরুর পর প্রথম তিন বৎসরে উৎপাদিত সমুদয় পণ্যের ন্যূনপক্ষে ৮০% (শতকরা আশি ভাগ) পণ্য রপ্তানীর বিবরণ ও রপ্তানী সংক্রান্ত আনুষঙ্গিক অন্যান্য দলিলাদি; এবং

(ই) উৎপাদিত পণ্যের মধ্য হইতে রপ্তানীকৃত পণ্যের রপ্তানী মূল্য প্রাপ্তির সমর্থনে ব্যাংক প্রদত্ত Proceeds Realisation Certificates (PRC) বা, ক্ষেত্রমত প্রত্যয়ন পত্র;

(খ) উপরের দফা (ক) এর অধীন আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট কর্মকর্তা আবেদনে বর্ণিত তথ্যসমূহের সত্যতা যাচাই অন্তে, উহা সঠিক প্রাপ্তি সাপেক্ষে, পরিশিষ্ট-৪ অনুযায়ী আবেদনকারীকে একটি প্রত্যয়ন পত্র প্রদান করিবেন; এবং

(গ) পরিশিষ্ট-৪ অনুযায়ী প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর, সংশ্লিষ্ট কাস্টমস হাউস বা স্টেশন, এর উপযুক্ত কর্মকর্তা ইনডেমনিটি বন্ড অবমুক্ত করিবেন।

(৬) কোন শিল্প প্রতিষ্ঠান ইনডেমনিটি বন্ডে খালাসকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ দ্বারা বাণিজ্যিক উৎপাদন শুরুর প্রথম ৩ (তিন) বৎসরে উৎপাদিত সমুদয় পণ্যের ন্যূনপক্ষে ৮০% (শতকরা আশি ভাগ) পণ্য রপ্তানী করিতে ব্যর্থ হইলে, আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশের উপর প্রযোজ্য শুল্ক ও কর বার্ষিক ৫% (শতকরা পাঁচ ভাগ) সুদসহ আদায়যোগ্য হইবে।

## TABLE- 1

| Heading No | H.S.Code |
|---|---|
| (1) | (2) |
| 73.11 | 7311.00.10 |
| 84.01 | 8401.10.00; 8401.20.00; 8401.30.00 |
| 84.02 | 8402.11.00; 8402.12.00; 8402.19.00; 8402.20.00 |
| 84.03 | 8403.10.00 |
| 84.04 | 8404.10.00; 8404.20.00 |
| 84.05 | 8405.10.00 |
| 84.06 | 8406.10.00; 8406.81.00; 8406.82.00 |
| 84.07 | 8407.29.00; 8407.90.10 |
| 84.08 | 8408.10.10; 8408.10.90; 8408.90.20; 8408.90.30 |
| 84.10 | 8410.11.00; 8410.12.00; 8410.13.00 |
| 84.11 | 8411.11.00; 8411.12.00; 8411.21.00; 8411.22.00; 8411.81.00; 8411.82.00 |
| 84.12 | 8412.10.90; 8412.21.00; 8412.29.00; 8412.31.00; 8412.39.00; 8412.80.10; 8412.80.20 |
| 84.13 | 8413.11.00; 8413.19.00; 8413.40.00; 8413.50.10; 8413.50.30; 8413.60.10; 8413.60.30; 8413.70.10; 8413.81.10 |
| 84.14 | 8414.10.00; 8414.30.10; 8414.40.00; 8414.80.10; |

| Heading No | H.S.Code |
|---|---|
| (1) | (2) |
| | 8414.80.20; 8414.80 30; 8414.80.50 |
| 84.15 | 8415.10.91; 8415.81.91; 8415.82.91; 8415.83.91 |
| 84.16 | 8416.10.00; 8416.20.00; 8416.30.00 |
| 84.17 | 8417.10.00; 8417.20.00; 8417.80.00 |
| 84.18 | 8418.61.10; 8418.69.10 |
| 84.19 | 8419.20.00; 8419.31.00; 8419.32.00; 8419.39.00; 8419.40.20; 8419.50.00; 8419.60.00; 8419.81.00; 8419.89.00 |
| 84.20 | 8420.10.00 |
| 84.21 | 8421.11.00; 8421.12.00; 8421.19.10; 8421.19.91; 8421.21.10; 8421.21.92; 8421.21.94 |
| 84.22 | 8422.19.00; 8422.20.00; 8422.30.00; 8422.40.00 |
| 84.23 | 8423.20.00; 8423.30.00; 8423.82.10; 8423.89.00 |
| 84.24 | 8424.20.10; 8424.30.00; 8424.81.90; 8424.89.00 |
| 84.25 | 8425.11.00; 8425.19.00; 8425.20.00; 8425.31.00; 8425.39.00; 8425.41.00 |
| 84.26 | All H.S. Codes (Excluding H.S.Code 8426.41.10) |
| 84.27 | 8427.10.00 |
| 84.28 | All H. S. Codes |
| 84.29 | All H. S. Codes |
| 84.30 | All H. S. Codes |
| 84.32 | 8432.10.00; 8432.21.00; 8432.29.00; 8432.30.00; 8432.40.00; 8432.80.10; 8432.80.20 |
| 84.33 | 8433.20.00; 8433.30.00; 8433.40.10; 8433.40.90; 8433.51.00; 8433.52.00; 8433.53.00; 8433.59.00; |

| Heading No | H.S.Code |
|---|---|
| (1) | (2) |
| | 8433.60.00 |
| 84.34 | 8434.10.00; 8434.20.00 |
| 84.35 | 8435.10.00 |
| 84.36 | 8436.10.00; 8436.21.00; 8436.29.00; 8436.80.00 |
| 84.37 | 8437.10.00; 8437.80.20 |
| 84.38 | 8438.10.00; 8438.20.00; 8438.30.00; 8438.40.00; 8438.50.00; 8438.60.00; 8438.80.10; 8438.80.90 |
| 84.39 | 8439.10.00; 8439.20.00; 8439.30.00 |
| 84.40 | 8440.10.00 |
| 84.41 | 8441.10.00; 8441.20.00; 8441.30.00; 8441.40.00; 8441.80.00 |
| 84.42 | 8442.10.00; 8442.20.00; 8442.30.00 |
| 84.43 | 8443.11.00; 8443.12.00; 8443.19.00; 8443.21.00; 8443.29.00; 8443.30.00; 8443.40.00; 8443.51.00; 8443.59.00; 8443.60.00 |
| 84.44 | 8444.00.00 |
| 84.45 | All H. S. Codes |
| 84.46 | All H. S. Codes |
| 84.47 | All H. S. Codes |
| 84.48 | 8448.11.00; 8448.19.00; 8448.33.10; 8448.39.00 |
| 84.49 | 8449.00.00 |
| 84.50 | 8450.20.00 |
| 84.51 | 8451.10.00; 8451.29.00; 8451.30.00; 8451.40.00; 8451.50.00; 8451.80.00 |
| 84.52 | 8452.21.00; 8452.29.90 |

| Heading No. | H.S.Code |
|---|---|
| (1) | (2) |
| 84.53 | 8453.10.00; 8453.20.00; 8453.80.00 |
| 84.54 | 8454.10.00; 8454.20.00; 8454.30.00 |
| 84.55 | 8455.10.00; 8455.21.00; 8455.22.00; 8455.30.00 |
| 84.56 | All H. S. Codes |
| 84.57 | All H. S. Codes |
| 84.58 | All H. S. Codes |
| 84.59 | All H. S. Codes |
| 84.60 | All H. S. Codes |
| 84.61 | All H. S. Codes |
| 84.62 | All H. S. Codes |
| 84.63 | All H. S. Codes |
| 84.64 | All H. S. Codes |
| 84.65 | All H. S. Codes |
| 84.67 | 8467.21.00; 8467.22.00; 8467.29.00; 8467.89.10; 8467.89.20; 8467.89.90 |
| 84.68 | 8468.10.00; 8468.20.00; 8468.80.00 |
| 84.74 | 8474.10.00; 8474.20.00; 8474.31.00; 8474.32.00; 8474.39.00; 8474.80.00 |
| 84.75 | 8475.10.00; 8475.21.00; 8475.29.00 |
| 84.77 | 8477.10.00; 8477.20.00; 8477.30.00; 8477.40.00; 8477.51.00; 8477.59.00; 8477.80.00 |
| 84.78 | 8478.10.00 |
| 84.79 | 8479.10.00; 8479.20.00; 8479.30.00; 8479.40.00; 8479.50.00; 8479.60.00; 8479.81.00; 8479.82.00; 8479.89.10; 8479.89.20; 8479.89.30 |
| 84.80 | 8480.10.00; 8480.20.00; 8480.41.00; 8480.49.00; |

| Heading No | H.S.Code |
|---|---|
| (1) | (2) |
| | 8480.50.00; 8480.60.00; 8480.71.00; 8480.79.00 |
| 84.81 | 8481.10.00; 8481.20.00; 8481.30.00; 8481.40.00 |
| 85.01 | 8501.31.10; 8501.32.10; 8501.32.20; 8501.32.90; 8501.33.10; 8501.33.90; 8501.34.10; 8501.34.90; 8501.52.10; 8501.53.00; 8501.61.10; 8501.61.90; 8501.62.10; 8501.62.90; 8501.63.10; 8501.63.90; 8501.64.10; 8501.64.90 |
| 85.02 | All H. S. Codes |
| 85.04 | 8504.22.90; 8504.23.00; 8504.40.90; 8504.50.00 |
| 85.14 | 8514.10.00; 8514.20.00; 8514.30.00; 8514.40.00 |
| 85.15 | 8515.11.00; 8515.19.00; 8515.21.00; 8515.29.00; 8515.31.00; 8515.39.00; 8515.80.00 |
| 85.16 | 8516.40.10 |
| 85.17 | 8517.30.10; 8517.30.90 |
| 85.25 | 8525.10.10; 8525.10.90; 8525.20.10; 8525.20.90 |
| 85.26 | All H. S. Codes |
| 85.31 | 8531.10.00 |
| 85.37 | 8537.10.10; 8537.10.90 |
| 85.38 | 8538.10.00 |
| 85.41 | 8541.40.10 |
| 85.43 | 8543.11.00; 8543.19.00; 8543.20.00; 8543.30.00; 8543.40.00; 8543.81.00; 8543.89.00 |
| 87.01 | 8701.20.11; 8701.20.19 |
| 87.04 | 8704.90.11 |
| 87.16 | 8716.20.00; 8716.31.00; 8716.39.00; 8716.80.00 |
| 89.02 | 8902.00.00 |

| Heading No | H.S.Code |
|---|---|
| (1) | (2) |
| 89.05 | 8905.10.00 |
| 90.07 | 9007.19.00; 9007.20.90 |
| 90.08 | 9008.10.00; 9008.20.00; 9008.30.00; 9008.40.00 |
| 90.10 | 9010.10.00; 9010.41.00; 9010.42.00; 9010.49.00; 9010.50.00; 9010.60.00 |
| 90.11 | 9011.10.00; 9011.20.00; 9011.80.00 |
| 90.12 | 9012.10.00 |
| 90.14 | 9014.10.00; 9014.20.00; 9014.80.00 |
| 90.15 | 9015.10.00; 9015.20.00; 9015.30.00; 9015.40.00; 9015.80.00 |
| 90.18 | 9018.11.00; 9018.12.00; 9018.13.00; 9018.14.00; 9018.19.00; 9018.20.00; 9018.41.00; 9018.49.00; 9018.50.00; 9018.90.20; 9018.90.30 |
| 90.19 | 9019.10.10; 9019.10.90; 9019.20.10; 9019.20.90 |
| 90.20 | 9020.00.00 |
| 90.21 | 9021.31.00; 9021.39.00; 9021.40.00; 9021.50.00; 9021.90.10; 9021.90.90 |
| 90.22 | All H. S. Codes |
| 90.24 | 9024.10.00; 9024.80.00 |
| 90.26 | 9026.10.00; 9026.20.00; 9026.80.00 |
| 90.27 | 9027.10.00; 9027.20.00; 9027.30.00; 9027.40.00; 9027.50.00; 9027.80.00 |
| 90.28 | 9028.10.00; 9028.20.00; 9028.30.90 |
| 90.29 | 9029.10.90 |
| 90.30 | 9030.10.00; 9030.20.00; 9030.31.00; 9030.39.00; 9030.40.00; 9030.82.00; 9030.83.00; 9030.89.00 |

| Heading No | H.S.Code |
|---|---|
| (1) | (2) |
| 90.31 | 9031.10.10; 9031.10.90; 9031.20.00; 9031.30.00; 9031.41.00; 9031.49.00; 9031.80.00 |
| 90.32 | 9032.10.00; 9032.20.00; 9032.81.00; 9032.89.00 |
| 91.06 | 9106.10.00; 9106.20.00 |

## TABLE-2

| Heading No | H. S. Code |
|---|---|
| (1) | (2) |
| 39.23 | 3923.40.10; 3923.40.30 |
| 40.10 | 4010.11.00; 4010.12.00; 4010.13.00; 4010.19.00; 4010.35.00; 4010.36.00; 4010.39.90 |
| 40.16 | 4016.93.00; 4016.94.00; 4016.99.10 |
| 42.04 | 4204.00.00 |
| 42.06 | 4206.90.10 |
| 44.15 | 4415.20.10 |
| 44.17 | 4417.00.10 |
| 44.21 | 4421.90.20 |
| 48.12 | 4812.00.00 |
| 48.22 | 4822.10.00; 4822.90.00 |
| 56.07 | 5607.49.10 |
| 56.08 | 5608.11.10 |
| 56.09 | 5609.00.10 |
| 59.10 | 5910.00.00 |
| 59.11 | 5911.10.90; 5911.20.00; 5911.31.00; 5911.32.00; 5911.40.00; 5911.90.00 |

| Heading No | H. S. Code |
|---|---|
| (1) | (2) |
| 68.04 | 6804.21.10;6804.21.90; 6804.22.10;6804.22.90; 6804.23.10;6804.23.90 |
| 68.05 | 6805.30.00 |
| 69.01 | 6901.00.00 |
| 69.02 | All H.S. Codes |
| 69.03 | 6903.10.10; 6903.20.10 |
| 69.09 | All H. S. Codes |
| 73.14 | 7314.12.00; 7314.13.00; 7314.14.00 |
| 73.15 | 7315.11.90; 7315.12.00 |
| 73.18 | 7318.21.00 |
| 74.11 | All H. S. Codes |
| 74.12 | All H. S. Codes |
| 74.14 | 7414.20.00; 7414.90.00 |
| 74.15 | 7415.21.00; 7415.29.00; 7415.33.90; 7415.39.00 |
| 74.16 | 7416.00.00 |
| 74.19 | 7419.91.91; 7419.99.20 |
| 75.07 | All H. S. Codes |
| 75.08 | 7508.90.91 |
| 76.08 | All H. S. Codes |
| 76.09 | 7609.00.00 |
| 76.13 | 7613.00.00 |
| 78.05 | 7805.00.00 |
| 78.06 | 7806.00.30 |
| 79.06 | 7906.00.00 |

| Heading No | H. S. Code |
|---|---|
| (1) | (2) |
| 79.07 | 7907.00.20 |
| 80.06 | 8006.00.00 |
| 80.07 | 8007.00.20 |
| 81.04 | 8104.90.10 |
| 82.02 | 8202.20.00; 8202.31.00; 8202.39.00; 8202.40.00; 8202.91.00; 8202.99.00 |
| 82.03 | 8203.30.00; 8203.40.00 |
| 82.04 | 8204.20.00 |
| 82.05 | 8205.10.00 |
| 82.07 | All H. S. Codes |
| 82.08 | All H. S. Codes |
| 82.09 | 8209.00.00 |
| 84.01 | 8401.40.00 |
| 84.02 | 8402.90.00 |
| 84.03 | 8403.90.00 |
| 84.04 | 8404.90.00 |
| 84.05 | 8405.90.00 |
| 84.06 | 8406.90.00 |
| 84.09 | 8409.91.10; 8409.99.10 |
| 84.10 | 8410.90.00 |
| 84.11 | 8411.91.00; 8411.99.00 |
| 84.12 | 8412.90.20; 8412.90.90 |
| 84.13 | 8413.91.90 |
| 84.16 | 8416.90.00 |

| Heading No | H. S. Code |
|---|---|
| (1) | (2) |
| 84.17 | 8417.90.00 |
| 84.19 | 8419.90.00 |
| 84.20 | 8420.91.00; 8420.99.00 |
| 84.21 | 8421.91.00; 8421.99.00 |
| 84.22 | 8422.90.00 |
| 84.23 | 8423.90.00 |
| 84.24 | 8424.90.00 |
| 84.31 | All H. S. Codes |
| 84.32 | 8432.90.00 |
| 84.33 | 8433.90.00 |
| 84.34 | 8434.90.00 |
| 84.35 | 8435.90.00 |
| 84.36 | 8436.91.00; 8436.99.00 |
| 84.37 | 8437.90.90 |
| 84.38 | 8438.90.00 |
| 84.39 | 8439.91.00; 8439.99.00 |
| 84.40 | 8440.90.00 |
| 84.41 | 8441.90.00 |
| 84.42 | 8442.40.00; 8442.50.90 |
| 84.43 | 8443.90.00 |
| 84.48 | 8448.20.00; 8448.31.00; 8448.32.00; 8448.33.10; 8448.33.90; 8448.39.00; 8448.42.90; 8448.49.00; 8448.51.10; 8448.51.90; 8448.59.00 |
| 84.50 | 8450.90.00 |
| 84.51 | 8451.90.00 |

| Heading No | H. S. Code |
|---|---|
| (1) | (2) |
| 84.52 | 8452.30.00; 8452.90.00 |
| 84.53 | 8453.90.00 |
| 84.54 | 8454.90.00 |
| 84.55 | 8455.90.00 |
| 84.56 | 8456.91.00; 8456.99.00 |
| 84.66 | All H.S. Codes |
| 84.67 | 8467.91.00; 8467.99.00 |
| 84.68 | 8468.90.00 |
| 84.74 | 8474.90.00 |
| 84.75 | 8475.90.00 |
| 84.77 | 8477.90.00 |
| 84.78 | 8478.90.00 |
| 84.79 | 8479.90.00 |
| 84.81 | 8481.80.99; 8481.90.00 |
| 84.83 | 8483.20.10; 8483.20.90; 8483.30.00; 8483.40.10; 8483.40.20; 8483.50.00; 8483.60.00; 8483.90.00 |
| 84.84 | All H. S. Codes |
| 85.03 | 8503.00.10; 8503.00.90 |
| 85.04 | 8504.90.90 |
| 85.05 | All H. S. Codes |
| 85.14 | 8514.90.00 |
| 85.15 | 8515.90.00 |
| 85.43 | 8543.90.00 |
| 85.46 | 8546.90.00 |

| Heading No. | H. S. Code |
|---|---|
| (1) | (2) |
| 85.47 | 8547.90.00 |
| 90.08 | 9008.90.00 |
| 90.10 | 9010.90.00 |
| 90.11 | 9011.90.00 |
| 90.12 | 9012.90.00 |
| 90.14 | 9014.90.00 |
| 90.15 | 9015.90.00 |
| 90.22 | 9022.90.00 |
| 90.24 | 9024.90.00 |
| 90.25 | 9025.90.00 |
| 90.26 | 9026.90.00 |
| 90.27 | 9027.90.00 |
| 90.28 | 9028.90.00 |
| 90.30 | 9030.90.00 |
| 90.31 | 9031.90.00 |
| 90.32 | 9032.90.00 |

পরিশিষ্ট - ১

প্রত্যয়ন পত্র

[শর্ত ৪(ক) দ্রষ্টব্য]

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স....................... ....................... একটি প্রতিষ্ঠিত রপ্তানিকারী/নূতন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান ইহার উৎপাদিত সমূদয় পণ্যের ন্যূনপক্ষে ৮০% (শতকরা আশি ভাগ) রপ্তানি করে/করিবে। এই শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ঋণপত্র নং............... তারিখ........এর আওতায় ইনভয়েস নং........................ তারিখ.................. বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং........................ তারিখ ................ এ উল্লিখিত বিবরণ, পরিমাণ, মূল্য অনুযায়ী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ . .

. . . . . . . . . . . . . . . . (স্থান) স্থাপিত হইবে এবং এইগুলি প্রতিষ্ঠিত শিল্পের সুষমকরণ, আধুনিকীকরণ, প্রতিস্থাপন ও সম্প্রসারণ (বি এম আর ই)/ একটি নূতন রপ্তানিমুখী শিল্প স্থাপনে ব্যবহার হইবে। আমদানিকৃত যন্ত্রপাতি দ্বারা উৎপাদিত সমুদয় পণ্যের ন্যূনপক্ষে ৮০% (শতকরা আশি ভাগ) রপ্তানি করা হইবে।

তারিখ ঃ নাম ঃ

পদবী ঃ

সীল ঃ

পরিশিষ্ট-২

(যথাযথ মূল্যের ননজুডিশিয়াল স্ট্যাম্পের উপর)

ইনডেমনিটি বন্ড

[শর্ত (৪) (খ) দ্রষ্টব্য)]

অদ্য . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ২০ . . . . . . . . . . . . . . . . . . . . . জনাব/মেসার্স . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . রেজিষ্টার্ড অফিস . . . . . . . . . . . . . . . . (অতঃপর "আমদানিকারক" বলিয়া উল্লিখিত), যাহাতে তাহার উত্তরাধিকারী, প্রশাসক, নির্বাহী এবং অধিকারপ্রাপ্ত ব্যক্তি অন্তর্ভুক্ত হইবেন, প্রথম পক্ষ; এবং বাংলাদেশের রাষ্ট্রপতি এর পক্ষে, কমিশনার অব কাস্টমস (অতঃপর "কমিশনার" বলিয়া উল্লিখিত), দ্বিতীয় পক্ষ, এর মধ্যে অত্র ইনডেমনিটি বন্ড সম্পাদিত হইল ঃ

যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রজ্ঞাপন নং .............. তারিখ........... এর TABLE-1 এবং TABLE-2 তে উল্লিখিত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত শর্তপূরণ সাপেক্ষে আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক পরিশোধ ব্যতিরেকে খালাস প্রদান করা হইবে; এবং

যেহেতু আমদানিকারক কর্তৃক ঋণ পত্র নং ................ তারিখ .............. এর ভিত্তিতে ইনভয়েস নং .......................... তারিখ ................ বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং .......................... তারিখ ............ এ উল্লিখিত বিবরণ, পরিমাণ ও মূল্য অনুযায়ী মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি করা হইয়াছে ; এবং

যেহেতু উক্ত আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ .......................... (স্থানীয় পূর্ণ ঠিকানা) স্থাপিত হইবে এবং আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ খালাসের তারিখ হইতে ১(এক) বৎসরের মধ্যে উক্ত স্থানে স্থাপন ও বাণিজ্যিক উৎপাদন শুরু করিয়া বাণিজ্যিক উৎপাদন শুরুর পর প্রথম ৩(তিন) বৎসরে উৎপাদিত সমুদয় পণ্যের ন্যূনপক্ষে ৮০% (শতকরা আশি ভাগ)

পণ্য রপ্তানি করিতে ব্যর্থ হইলে উক্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশের উপর প্রযোজ্য শুল্ক করাদি বাবদ .................. টাকা এবং উক্ত টাকার উপর বার্ষিক ৫%(শতকরা পাঁচ ভাগ) সুদ বাবদ অর্থ (নির্ধারণ সাপেক্ষ) কমিশনারের নিকট হইতে এতদুদ্দেশ্যে জারিকৃত দাবিনামা প্রাপ্তির তারিখ হইতে চৌদ্দ দিনের মধ্যে পরিশোধ করিতে আমদানিকারক বাধ্য থাকিবেন;

সেহেতু নিম্ন-উল্লিখিত সাক্ষীগণের উপস্থিতিতে আমদানিকারক, মেসার্স/জনাব .................. .................... এতদ্বারা প্রতিশ্রুতি প্রদান করিতেছেন যে,

(ক) তিনি/তাহারা আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশের উপর প্রযোজ্য শুল্ক ও করাদি বাবদ ...................... টাকা এবং উক্ত টাকার উপর বার্ষিক ৫%(শতকরা পাঁচ ভাগ) সুদ বাবদ অর্থ (নির্ধারণ সাপেক্ষ) কমিশনারের দাবীক্রমে বিনা ওজর আপত্তিতে নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করিবেন এবং কমিশনারকে উক্ত শুল্ক ও করাদি বাবদ রাজস্ব ক্ষতির দায়দায়িত্ব মুক্ত করিবেন; এবং উল্লিখিত পরিমাণ রাজস্ব আদায়ের জন্য কমিশনার কর্তৃক যে পরিমাণ অর্থ খরচ হইবে তাহাও আমদানিকারক পরিশোধ করিতে বাধ্য থাকিবেন ;

(খ) তিনি/তাহারা উপরি-উল্লিখিত প্রজ্ঞাপনে বর্ণিত যে কোন শর্ত পালন করিতে ব্যর্থ হইলে আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশের উপর প্রযোজ্য শুল্ক ও করাদি বাবদ .......................... টাকা এবং উক্ত টাকার উপর বার্ষিক ৫%(শতকরা পাঁচ ভাগ) সুদ বাবদ অর্থ (নির্ধারণ সাপেক্ষ) Customs Act, 1969 এর section 202 এর বিধান মোতাবেক তাহার/ তাহাদের নিকট হইতে আদায় করা যাইবে।

এই ইনডেমনিটি বন্ডের শর্তসমূহ পালিত হওয়ার সংগে সংগে ইহা বাতিল বলিয়া গণ্য হইবে; অন্যথায় ইহা বলবৎ থাকিবে।

১। . . . . . . . . . . . . .সাক্ষী

২। . . . . . . . . . . . . .সাক্ষী

জনাব/মেসার্স ..................................

(ঠিকানা)

(স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক)

(নাম এবং স্থায়ী ঠিকানা)

..................................

..................................

..................................

পরিশিষ্ট-৩

প্রত্যয়ন পত্র

[শর্ত (৪) (গ) দ্রষ্টব্য]

এতদ্বারা এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, জনাব/মেসার্স ........................ এর স্বত্বাধিকারী ..................................... এই ব্যাংকের একজন সম্মানিত গ্রাহক। তিনি ..............................বৎসর যাবত এই ব্যাংকের সহিত নিয়মিত আর্থিক লেনদেন করিতেছেন। তাহার লেনদেন কার্যক্রম সন্তোষজনক।

জনাব/মেসার্স .................................................................................... কর্তৃক .................................... নং বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্টে আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ রপ্তানিমুখী ............................ শিল্পে ব্যবহৃত হইবে।

তারিখ ঃ

নাম ঃ

পদবীঃ

সীল ঃ

পরিশিষ্ট-৪

প্রত্যয়ন পত্র

[শর্ত (৫) দ্রষ্টব্য]

আমি ................................................................................................ ............................................................................(অফিসের নাম, পদবী ও ঠিকানা) সরেজমিন তদন্তের ভিত্তিতে এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, আমদানিকারক মেসার্স ...................................... মূসক নিবন্ধন নং .................. কর্তৃক ইনভয়েস নং.................. তারিখ .................. এবং বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং ..................... তারিখ ................ এর মাধ্যমে আমদানিকৃত এবং .................. শুল্ক ভবন/স্টেশন এর বিল অব এন্ট্রি নং ............... তারিখ ............. এর বিপরীতে খালাসকৃত মূলধনী যন্ত্রপাতি ........................................................................................ ঠিকানায় অবস্থিত প্রতিষ্ঠানে ...................... তারিখে অথবা .................. তারিখের পূর্বে স্থাপিত হইয়াছে।

উক্ত মূলধনী যন্ত্রপাতি দ্বারা .............................. তারিখে বাণিজ্যিক উৎপাদন শুরু করিবার পর প্রথম ৩(তিন) বৎসরে উৎপাদিত সমুদয় পণ্যের ন্যূনপক্ষে ৮০% (শতকরা আশি ভাগ) পণ্য রপ্তানী সম্পন্ন হইয়াছে মর্মে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের সমর্থনে ............ ব্যাংক .................... শাখা কর্তৃক ইস্যুকৃত Proceeds Realization Certificate (PRC)/প্রত্যয়ন পত্র এই দপ্তরে দাখিল করা হইয়াছে।

(স্বাক্ষর)

তারিখ ঃ নাম -

পদবী ও দাপ্তরিক ঠিকানা-

টেলিফোন নং-

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(খায়রুজ্জামান চৌধুরী )
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ ঃ ২৫ জ্যৈষ্ঠ, ১৪১৩ বঙ্গাব্দ/ ৮ জুন, ২০০৬ খ্রিস্টাব্দ।

এস.আর.ও নং ১১৫-আইন/২০০৬/২১০৭/শুল্ক।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 20 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, অত্র বিভাগের ১১ই কার্তিক, ১৪০৭ বাংলা মোতাবেক ২৬শে অক্টোবর, ২০০০ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন নং এস.আর.ও ৩২৫-আইন/২০০০/১৮৭২/শুল্ক নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের শর্ত (খ) এ উল্লিখিত "৩০শে জুন, ২০০৬ তারিখের" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে "৩০শে জুন, ২০০৭ তারিখের" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
( ডঃ আ, তা, মু, সারওয়ার হোসেন )
অতিরিক্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ ঃ ২৫ জ্যৈষ্ঠ, ১৪১৩ বঙ্গাব্দ/ ৮ জুন, ২০০৬ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১১৬-আইন/২০০৬/২১০৮/শুল্ক।- Customs Act, 1969 (IV of 1969) এর section 25(3) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ২৭ জ্যৈষ্ঠ, ১৪৪১১ বাংলা মোতাবেক ১০ জুন, ২০০৪ খ্রিস্টাব্দ তারিখের আদেশ নং এস,আর,ও ১৬১-আইন/২০০৪/২০৫৩/শুল্ক বাতিলক্রমে, কাস্টমস্ ডিউটি আরোপকল্পে এবং বিদ্যমান আমদানি নীতি আদেশ এ বিধৃত শর্তাবলী পালন সাপেক্ষে, বাংলাদেশে আমদানিযোগ্য পুরাতন, ব্যবহৃত বা পুনঃসংস্কৃত (রি-কন্ডিশন্ড) মোটর গাড়ি ও যানবাহনের জন্য নিম্নরূপ ন্যূনতম মূল্য (minimum value) নির্ধারণ করিল, যথাঃ-

১। পুরাতন, ব্যবহৃত বা পুনঃসংস্কৃত (রি-কন্ডিশন্ড) গাড়ি জাপান হইতে আমদানি করা হইলে জাপানে প্রকাশিত Yellow Book এবং জাপান ব্যতীত অন্য কোন দেশ হইতে আমদানি করা হইলে, ক্ষেত্রমত, Glass's Guide, Magazine Automobiles বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত অনুরূপ কোন জার্নালে প্রকাশিত গাড়ির সকল কোড মডেলের গড় মূল্য হইতে ২৫% বিয়োজন এবং সরাসরি গাড়ির গড় মূল্যের উপর অনুচ্ছেদ ২ এ বর্ণিত হারে বৎসর ভিত্তিক অবচয় প্রদান করিয়া প্রাপ্ত মূল্যঃ

তবে শর্ত থাকে যে, পুরাতন, ব্যবহৃত বা পুনঃসংস্কৃত (রি-কন্ডিশন্ড) গাড়ি হিসাবে বিবেচিত হইতে হইলে, সংশ্লিষ্ট গাড়ির রেজিস্ট্রেশনের তারিখ ও রেজিস্ট্রেশন বাতিলের তারিখের মধ্যকার সময়সীমা ন্যূনতম ০৪ (চার) মাস হইতে হইবে এবং উহার প্রমাণস্বরূপ গাড়ি শুল্কায়নকালে Registration Cancellation Certificate ও Japan Auto Appraisal Institute কর্তৃক ইস্যুকৃত গাড়ির বয়স সংক্রান্ত সনদপত্র সংশ্লিষ্ট কাস্টমস হাউস বা স্টেশনে দাখিল করিতে হইবে।

২। পুরাতন, ব্যবহৃত বা পুনঃসংস্কৃত (রি-কন্ডিশন্ড) মোটর গাড়ি ও যানবাহনের ক্ষেত্রে, নিম্নবর্ণিত হারে বৎসরভিত্তিক অবচয় হিসাব করা হইবে—

(ক) প্রথম ১(এক) বৎসরের জন্য কোন অবচয় সুবিধা প্রযোজ্য হইবে না;

(খ) ২(দুই) বৎসরের পুরাতন মোটর গাড়ি ও যানবাহনের জন্য ১০%;

(গ) ৩(তিন) বৎসরের পুরাতন মোটর গাড়ি ও যানবাহনের জন্য ১৫%; এবং

(ঘ) ৪(চার) বৎসরের পুরাতন মোটর গাড়ি ও যানবাহনের জন্য ২০%ঃ

তবে শর্ত থাকে যে, বৎসর গণনার ক্ষেত্রে, সংশ্লিষ্ট গাড়ীর চেসিস (Chassis) বুকে লিপিবদ্ধ গাড়ির তৈরী সনকে প্রথম বৎসর হিসাবে গণনা করিতে হইবে ঃ

আরো শর্ত থাকে যে, ঘোষিত মূল্য ন্যূনতম মূল্য অপেক্ষা বেশী হইলে অবচয় সুবিধা প্রদান না করিয়া ঘোষিত মূল্যে শুল্কায়ন করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
( খায়রুজ্জামান চৌধুরী )
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ ঃ ২৫ জ্যৈষ্ঠ, ১৪১৩ বঙ্গাব্দ/ ৮ জুন, ২০০৬ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১১৭-আইন/২০০৬/২১০৯/শুল্ক।– Customs Act, 1969 (Act IV of 1969) এর section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, অত্র বিভাগের ২৭ জ্যৈষ্ঠ, ১৪১১ বাংলা মোতাবেক ১০ জুন, ২০০৪ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৫৮-আইন/২০০৪/২০৫০/শুল্ক রহিত করিয়া, উক্ত Act এর First Schedule ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নের TABLE এর কলাম (1) এ বর্ণিত H.S.Code এর আওতাভুক্ত কলাম (2) এ উল্লিখিত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণকে উহাদের উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (যদি থাকে) হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিলঃ-

শর্ত

(১) TABLE এ উল্লিখিত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ বিনিয়োগ বোর্ড অথবা পশু সম্পদ অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত হাঁস-মুরগির খামার কর্তৃক আমদানিকৃত হইতে হইবে;

(২) আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ শুধু উক্ত নিবন্ধিত হাঁস-মুরগির খামারেই স্থাপন অথবা ব্যবহার করিতে হইবে এবং এই মর্মে আমদানিকারক ৳ ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পরিশিষ্ট-১ অনুযায়ী একটি অঙ্গীকারনামা সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস এর নিকট দাখিল করিবেন;

(৩) আমদানিকৃত পণ্যসমূহের খালাসের ৬ (ছয়) মাসের মধ্যে Bangladesh Poultry Industries Association সরেজমিনে তদন্তপূর্বক উক্ত

এসোসিয়েশনের সভাপতি অথবা সাধারণ সম্পাদকের স্বাক্ষরে এসোসিয়েশনের প্যাডে পরিশিষ্ট-২ অনুযায়ী একটি প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট কাস্টমস হাউসের কমিশনার অব কাস্টমস বরাবর প্রেরণ করিবেন; এবং

(৪) শর্ত (৩) এ উল্লিখিত প্রতিবেদন প্রাপ্তির পর যদি দেখা যায় যে, আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ আমদানিকারক-প্রতিষ্ঠানে ব্যবহৃত হইয়াছে, তাহা হইলে শর্ত (২) অনুযায়ী প্রদত্ত অঙ্গীকারনামা ফেরতযোগ্য হইবে, অন্যথায় প্রযোজ্য হারে শুল্ক ও করাদি আমদানিকারকের নিকট হইতে আদায়যোগ্য হইবে।

**TABLE**

| H. S. Code | Description |
|---|---|
| (1) | (2) |
| 3917.23.90 | Bent PVC tube/PVC tube |
| 3921.19.00 | HDPE sheet |
| 3921.19.00 | Plastic nest bottoms |
| 3921.90.99 | Bubble sheet |
| 3923.10.00 | Nest boxes |
| 3923.90.10 | Automatic egg collection system |
| 3926.90.90 | Non-breathing curtain, black and/or white |
| 3926.90.90 | Curtain drop |
| 3926.90.90 | Feed tube with slots |
| 3926.90.90 | Griled feed tube |
| 3926.90.90 | Nest pads |
| 3926.90.90 | Plastic Pan feeder with grill |
| 3926.90.90 | Poultry plastic slats |
| 3926.90.90 | PVC end drop |
| 3926.90.90 | Rooster Feeder Assembly Box |
| 3926.90.90 | Scissor hanger kit |
| 3926.90.90 | Set of hanging accessories |
| 5607.10.19 | Polyester cord |
| 7216.69.00 | 90-DEG Corner |
| 7306.90.20 | Nipple Pipes |
| 7306.90.20 | Support Pipe |
| 7307.99.00 | Coupler |

| (1) | (2) |
|---|---|
| 7307.99.00 | Nipple assembly |
| 7307.99.00 | Trough Coupler |
| 7308.90.00 | Clamps |
| 7310.21.90 | Feed hopper |
| 7310.21.90 | Feed hopper |
| 7310.21.90 | Feed silos |
| 7310.21.90 | Hoppers. hopper extension package |
| 7312.90.00 | Hook lagged thread |
| 7314.49.00 | Feeder grill for male restriction |
| 7315.89.00 | Breeder feeder chain |
| 7318.15.00 | Lag thread eyebolt |
| 7326.90.90 | Feeder trough |
| 7326.90.90 | Flexible auger |
| 7326.90.90 | Flexible auger for feedlines |
| 7326.90.90 | Grilled feed control unit |
| 7326.90.90 | House fitting kit |
| 7326.90.90 | Leg stands |
| 7326.90.90 | Slat supports made of steel, plastic, or wood |
| 7326.90.90 | Steel flexible auger |
| 7607.20.90 | Aluminium foil sadwich sheet |
| 8204.12.00 | Nipple wrench |
| 8205.59.00 | Chain tool |
| 8307.90.00 | Hose pipe |
| 8414.51.90 | Fan with bousing |
| 8414.90.10 | Air vent assembly |
| 8414.90.10 | Belt drive fan motor with accessory packages |
| 8415.90.00 | Evaporative base kit |
| 8415.90.00 | Shulter |
| 8418.61.90 | Recirculating cooling systems |
| 8418.99.00 | Evaporative cooling pab/evaporative cooling pump/Recirculating sump system/Wrrp around cooling kit |
| 8421.39.90 | Filter & filter medicator manifold |
| 8421.39.90 | Filter cartridge |

| (1) | (2) |
|---|---|
| 8421.39.90 | Filters, medicators |
| 8423.90.00 | Counter weight |
| 8424.90.00 | Cable adjuster for winch drop |
| 8425.39.00 | Winch system |
| 8425.39.00 | Winch system |
| 8425.39.00 | Winch system |
| 8425.39.00 | Winching system |
| 8428.39.00 | Unloaded |
| 8431.10.00 | Winch kits |
| 8483.40.20 | Gearbox |
| 8483.50.00 | Nylon split strap pulley/pulley with eyebolt |
| 8483.50.00 | Pulley assembly/Cast iron pulley with needle |
| 8483.50.00 | Pulleys |
| 8485.90.00 | End kit assembly |
| 8485.90.00 | Litter removing system |
| 8485.90.00 | Medicator |
| 8485.90.00 | Power drive unit for chain feeding |
| 8485.90.00 | Suspension pack |
| 8531.80.00 | Alam-high/low temperature |
| 8536.49.00 | Relay panel |
| 8537.10.90 | Control panel |
| 8544.19.20 | Cable |
| 8544.19.20 | Galvanized cable |
| 8548.90.00 | Drive unit with motor |
| 8548.90.00 | Power drive unit |
| 8548.90.00 | Power drive unit with motor and gear reducer |
| 8548.90.00 | Swedged conduit |
| 9028.20.00 | Water meter |
| 9028.20.00 | Water pressure meter |
| 9032.10.00 | Thermostat, sensors |
| 9032.89.00 | Control box for drive unit |
| 9032.89.00 | Multi-stage control |
| 9032.89.00 | Regulator |

পরিশিষ্ট-১

অঙ্গীকারনামা
[শর্ত (২) দ্রষ্টব্য]

আমি ------------------------------------ (নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ------------------------------------------------------------------------------------------------ (প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা ) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, ঋণপত্র নং----------- -------------------- তারিখ ঃ--------------- ইনভয়েস নং------------------- তারিখ ঃ ----------------- বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং ----------------------- তারিখ ঃ ----------------- এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ উল্লিখিত হাঁস-মুরগীর খামারে স্থাপন/প্রতিস্থাপন/ সুষমকরণ/আধুনিকীকরণ/সম্প্রসারণ (বিএমআরই)-এর কাজে ব্যবহার করিব এবং উহার কোন ব্যত্যয় হইলে আমদানিকৃত উক্ত পণ্যের উপর প্রযোজ্য হারে শুল্ক ও কর পরিশোধ ছাড়াও Customs Act, 1969 এর অধীনে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অন্য যে কোনো শাস্তি মানিয়া নিতে বাধ্য থাকিব।

স্বাক্ষর ঃ ..................................................................

তারিখ ঃ মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম ঃ ........................

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ ...........................

..................................................................

পরিশিষ্ট-২

প্রত্যয়ন পত্র
[শর্ত (৩) দ্রষ্টব্য]

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স ------------------------------------ ------------------------------------------------------------------------------------------------ (সম্পূর্ণ ঠিকানা দিতে হইবে) বিনিয়োগ বোর্ড বা পশু সম্পদ অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত একটি হাঁস-মুরগির খামার। এই শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ঋণপত্র নং ----------------------- তারিখ ঃ ------------------- ইনভয়েস নং ----------------------- তারিখ ঃ ------------------ বিল অব এন্ট্রি নং ------------------------ তারিখ ঃ --------------------- এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ বা উহার অংশবিশেষ (অংশবিশেষ ব্যবহৃত হইলে উক্ত ব্যবহৃত অংশের পরিমাণ উল্লেখ করিতে হইবে) উল্লিখিত খামারের সুষমকরণ,

আধুনিকীকরণ, প্রতিস্থাপন এবং/কিংবা সম্প্রসারণ (বি এম আর ই) কাজে ব্যবহার করা হইয়াছে/হয় নাই।

স্বাক্ষর ঃ ..............................................

নাম ঃ ..............................................

তারিখ ঃ

পদবী ঃ সভাপতি/সাধারণ সম্পাদক,
বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন।

সীল ঃ

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
( খায়রুজ্জামান চৌধুরী )
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

(শুল্ক)

## আদেশ

তারিখ ঃ ২৫ জ্যৈষ্ঠ, ১৪১৩ বঙ্গাব্দ/ ৮ জুন, ২০০৬ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১১৮-আইন/২০০৬/২১১০/শুল্ক।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 21(b) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ১ ভাদ্র, ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ১৬ আগস্ট, ২০০৫ খ্রিস্টাব্দ তারিখের আদেশ এস.আর,ও নং-২৪৭-আইন/২০০৫/২০৮৫/শুল্ক রহিত করিয়া, উক্ত Act এর First Schedule ভুক্ত পণ্য সমূহের মধ্যে নিম্নের-

(ক) TABLE-1 এর কলাম (1) এ বর্ণিত H.S.Code এর বিপরীতে কলাম (২) তে উল্লিখিত পণ্যের ক্ষেত্রে, উহাদের উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক; এবং

(খ) TABLE-2 এর কলাম (১) এ বর্ণিত H.S.Code এর বিপরীতে কলাম (২) তে উল্লিখিত পণ্যের ক্ষেত্রে, উহাদের উপর আরোপনীয় আমদানী শুল্ক যেই পরিমাণে ১২% এর অতিরিক্ত হয় সেই পরিমাণ,

পরিশোধ ব্যতিরেকে সরকারের কৃষি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত কৃষি কার্যে ব্যবহার্য কীটনাশক প্রস্তুতকারক প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত শর্তে আমদানির অনুমতি প্রদান করিল, যথা ঃ–

শর্ত

(১) কীটনাশক প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক "আমদানিকৃত মালামাল কেবল কৃষি কার্যে ব্যবহার উপযোগী কীটনাশক প্রস্তুত ও মোড়কীকরণের জন্য ব্যবহৃত হইবে" মর্মে কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম সচিব পদ মর্যাদার নিম্নে নহেন এমন কর্মকর্তা কর্তৃক পরিশিষ্ট-১ অনুযায়ী প্রদত্ত প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস্ বরাবরে দাখিল করিতে হইবে;

